

দ্বিতীয় অধ্যায়
অন্যান্য উল্লেখযোগ্য বিষয়

যোগাযোগ মন্ত্রণালয়ের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের আর্থিক বৎসর ভিত্তিক স্থানীয় যাচাই নিরীক্ষা ও পরিদর্শন প্রতিবেদনের মাধ্যমে উত্থাপিত, মীমাংসিত ও অমীমাংসিত অডিট আপত্তিসমূহের বিবরণ

নিরীক্ষার বৎসর	উত্থাপিত আপত্তি		মীমাংসিত আপত্তি		অমীমাংসিত আপত্তি	
	সংখ্যা	জড়িত টাকা	সংখ্যা	জড়িত টাকা	সংখ্যা	জড়িত টাকা
১৯৭১-৭২	-	-	-	-	-	-
১৯৭২-৭৩	৩১৮	৩১,২৩,৯৯,২৫৫	১০৮	২২,২৩,৩০৬	২১০	৩১,০১,৭৫,৯৪৯
১৯৭৩-৭৪	২৯৯	১১,৪৪,২৭.২২১	৮১	৬৫,৪৮,২৫৪	২১৮	১০,৭৮,৭৮,৯৬৭
১৯৭৪-৭৫	২৯০	১০,৯৯,৫২,৫০৭	৯২	৭৭,৩০,৮৫৫	১৯৮	১০,২২,২১,৬৫২
১৯৭৫-৭৬	৪০০	৫০,০৮,৯৫,৫৩৪	৭৮	৯৫,৭৬,৫০৪	৩২২	৪৯,১৩,১৯,০৩০
১৯৭৬-৭৭	৩৫৮	৫৬,৯৩,৪৪,১১৮	১৩০	২,৮১,৫৪,০৪৯	২২৮	৫৪,১১,৯০,০৬৯
১৯৭৭-৭৮	৪৩০	১০২,১০,৬২,৯৭৯	১৩০	২৭,১১,২০,৫৫৪	৩০০	৭৪,৯৯,৪২,৪২৫
১৯৭৮-৭৯	৭৬৪	১৬৭,৭০,৮০,৫৮৯	২০৫	৫,৩৬,৫৮,১৫৪	৫৫৯	১৬২,৩৪,২২,৪৩৫
১৯৭৯-৮০	৮৯৩	১৮৭,৭৩,৯৪,৪১৩	৩৫৪	৪৫,০২,৬৮,১৭৭	৫৩৯	১৪২,৭১,২৬,২৩৬
১৯৮০-৮১	৯০৯	৩১১,৮৪,৩৬,৮৫০	৩৫৯	৭৫,৯৯,২৫,০৪৩	৫৫০	২৩৫,৮৫,১১,৮০৭
১৯৮১-৮২	১০২৯	৩৩৫,৩৪,৭৯,২৪৭	৪৪৬	৬৬,২৩,২৪,৭২৩	৫৮৩	২৬৯,১১,৫৪,৫২৪
১৯৮২-৮৩	৪৭৬	২১৬,১৬,২৩,৫৫৮	১৮৫	৬৫,৮৭,৪৯,৭৮৬	২৯১	১৫০,২৮,৭৩,৭৭২
১৯৮৩-৮৪	৩৫৭	৬৫,২৯,৬৩,০৯৩	১০৫	২৫৪,১৬,৮৫১	২৫২	৬২,৭৫,৪৬,২৪২
১৯৮৪-৮৫	৫৩২	১৬৮,৪৫,৫৭,১৩১	১৩৮	৪০৮,৩১,৫৬০	৩৯৪	১৬৪,৩৭,২৫,৫৭১
১৯৮৫-৮৬	৪৯৪	২১৬,৮২,৮৩,৬৯৯	১১৯	৪২৬,৫১,৯৫৬	৩৭৫	২১২,৫৬,৩১,৭৪৩
১৯৮৬-৮৭	৪৮১	৭৭,৪৭,৮৫,৭৯২	৪২	৫৩,৩১,৮৫৯	৪৩৯	৭৬,৯৪,৫৩,৯৩৩
১৯৮৭-৮৮	৬১৩	৯৫,১৯,৭২,৩২০	৪৭	৪০,০৪,১১৯	৫৬৬	৯৪,৭৯,৬৮,২০১
১৯৮৮-৮৯	৭৪৮	৪১৮,১৭,৭২,৭৪১	১৯	১৯৩,৯৮,৪২৮	৭২৯	৪১৬,২৩,৭৪,৩১৩
১৯৮৯-৯০	৮১৮	১৮৩,৬৭,৭৩,৬৪০	২৪	১২২,৫১,৪১৩	৭৯৪	১৮২,৪৫,২২,২২৭
১৯৯০-৯১	৯৮৪	২৪৪,৪০,৭৩,৫১১	৫৩	৪৬,৪৭,৫৩,৯৪০	৯৩১	১৯৭,৯৩,১৯,৫৭১
১৯৯১-৯২	৮৬১	১৮৬,০০,১১,০৪৮	৫২	৪৫,০৮,৩৮,২৮৪	৮০৯	১৪০,৯১,৭২,৭৬৪
১৯৯২-৯৩	১১০৩	১৯৬,৪৯,৫৫,৭৪১	১৯৪	৬০,৩৩,৩৬,৫৫৪	৯০৯	১৩৬,১৬,১৯,১৮৭
১৯৯৩-৯৪	৯৮৫	১৪৪,৯৩,৮৬,৯৬২	৪০৬	২২,২০,৮৫,৭৭৫	৫৭৯	১২২,৭৩,০১,১৮৭
১৯৯৪-৯৫	৮৫১	১৭৩,৩৭,১৯,৬৯৫	১৯৮	২৪,৪০,২১,৩৭৩	৬৬২	১৪৮,৯৬,৯৮,৩২২
১৯৯৫-৯৬	৮১০	১১২,৭৪,১৬,৮৭১	৯৩	১,৬৪,৭৪,৮৮৯	৭১০	১১১,০৯,৪১,৯৮২

১৯৯৬-৯৭	৫৮২	৭৬২৬,৮৯,৭৩৪	৫২	১৫৯,৮৫,৬৬০	৫৩০	৭৪,৬৭,০৪,০৭৪
১৯৯৭-৯৮	৬৬৯	৩০২৯,৬৮,৭০,৭৪২	৫১	৬৬,৭০,৫০১	৬১৮	৩০২৯,০২,০০,২৪১
সর্বমোট=	১৭,০৫৪	৬৮৭০,৬৩,২৮,৯৯১	৩,৭৫২	৫০৮,৪৩,৩২,৫৬৭	১৩,৩০২	৬৩৬২,১৯,৯৬,৪২৪

সূত্র :- ত্রৈমাসিক প্রতিবেদনের ভিত্তিতে বর্ণিত তালিকা ২০০০ সালের জুন পর্যন্ত সংশোধিত।

এখানে উল্লেখ্য যে, বিধিবদ্ধ নিয়মানুযায়ী পরিদর্শন প্রতিবেদন পাওয়ার ৪ (চার) সপ্তাহের মধ্যে নিরীক্ষিত অফিস আপত্তির প্রথম অংশের গুরুতর অনিয়মসমূহের জবাব সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে অডিট অফিসে পেশ করিবেন এবং আপত্তিসমূহ নিষ্পত্তির যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবেন। কিন্তু উপরিউক্ত তালিকা হইতে পরিলক্ষিত হয় যে, ১৯৭১-৭২ সাল হইতে ১৯৯৭-৯৮ সাল পর্যন্ত আর্থিক বৎসরসমূহে উত্থাপিত ১৭,০৫৪টি অডিট আপত্তির মধ্যে মাত্র ৩৭৫২ টি আপত্তি মীমাংসিত হইয়াছে। অবশিষ্ট ১৩,৩০২ টি আপত্তি এখনও অমীমাংসিত রহিয়াছে। স্থানীয় যাচাই নিরীক্ষা ও পরিদর্শন প্রতিবেদনের জবাব প্রদান করিতে বিলম্ব হওয়ার ফলে আদায়যোগ্য টাকা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট হইতে আদায় করিতে বিলম্বই ঘটে না, বরং অনিয়মসমূহ যথাসময়ে মীমাংসা কিংবা নিয়মিত করা সম্ভব হয় না। এতদ্ব্যতীত জবাব প্রদানে বিলম্বের ফলে বরখাস্ত, মৃত্যু, ইস্তফা, অবসর গ্রহণ ও অন্যান্য কারণে আর্থিক ক্ষতির জন্য দায়ী কর্মকর্তা/কর্মচারীর শাস্তি এড়াইবার সম্ভাবনা থাকিয়া যায়। সড়ক ও জনপথ অধিদপ্তরের অমীমাংসিত আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে জরুরী ভিত্তিতে যথাযথ কার্যক্রম গ্রহণ করা আবশ্যিক।

প্রত্যয়ন পত্র

পূর্ত অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরের ১৯৯৭-৯৮ সালের হিসাব বর্তমান প্রচলিত নিয়মানুযায়ী দৈবচয়ন পদ্ধতিতে উত্তর নিরীক্ষার আওতায় নমুনামূলক নিরীক্ষা ও শতকরা হার ভিত্তিক নিরীক্ষা করা হইয়াছে। তদুপরি উক্ত অধিদপ্তরের স্থানীয় যাচাই নিরীক্ষা সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদনের আপত্তিসমূহের বর্তমান অবস্থা ও গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়-ক্ষতি ইত্যাদিও এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হইয়াছে। নিরীক্ষাধীন কার্যালয় হইতে প্রাপ্ত তথ্যাদি ও ব্যাখ্যার আলোকে এবং অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত মন্তব্য সাপেক্ষে এই হিসাব সঠিক।

তারিখঃ-----বাং
ইং

(মুহাম্মাদ শফিউল আলম)

মহা-পরিচালক,

পূর্ত অডিট অধিদপ্তর।